



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০২০-৫১

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন ০২নং পাটলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সিরাজুল হক ৩১ আগস্ট, ২০২০ তারিখ হতে ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত বিনা অনুমতিতে যুক্তরাজ্যে অবস্থান করেছেন এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন ০২নং পাটলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সিরাজুল হক ৩১ আগস্ট, ২০২০ তারিখ হতে ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত বিনা অনুমতিতে যুক্তরাজ্যে অবস্থান করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলাধীন ০২নং পাটলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সিরাজুল হক কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৫.২০২০-৫১


তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: সিরাজুল হক, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০২নং পাটলী ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০৫.২০২০-৫২

তারিখ: ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: সিরাজুল হক, চেয়ারম্যান, ০২নং পাটলী ইউনিয়ন পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ-কে ৩১ আগস্ট, ২০২০ তারিখ হতে ১৪ সেপ্টেম্বর, ২০২০ তারিখ পর্যন্ত বিনা অনুমতিতে যুক্তরাজ্যে অবস্থান করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ জানুয়ারি, ২০২১ তারিখের ৫১ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ক) ও (জ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সুনামগঞ্জ এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল-up1lgd@gmail.com

জনাব মো: সিরাজুল হক
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) ০২নং পাটলী ইউনিয়ন পরিষদ,
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।